**দৈনিক ইত্তেফাক**

তারিখ 07 APR 1994
পৃষ্ঠা ৭ কলাম ৫

127

## বদরুন্নেসা কলেজ শিক্ষক-শিক্ষিকাদের ধর্মঘট শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ জনৈক ছাত্রীকে হলে সীট বরাদ্দে অপারগতা প্রকাশ করায় গত মঙ্গলবার বদরুন্নেসা সরকারী মহিলা কলে-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### বদরুন্নেসা

(১ম পৃঃ পর)

জের হল সুপার একদল বহিরাগত যুবক কর্তৃক লাঞ্ছিত হন। ঘটনার প্রতিবাদে কলেজের শিক্ষক শিক্ষিকাবৃন্দ অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি পালনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। গতকাল (বুধবার) কলেজের ষ্টাফ কাউন্সিলের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় যে ছাত্রীকে কেন্দ্র করিয়া ঘটনার সূত্রপাত তাহাকে কলেজ হইতে বহিষ্কার এবং কলেজে দলীয় রাজনীতি নিষিদ্ধ ও ছাত্রী সংসদ বাতিলের সিদ্ধান্ত ঘোষণা করা হয়। জানা যায়, গত মঙ্গলবার দুপুর একটায় জনৈক জুয়েল ও শফিকের নেতৃত্বে একদল বহিরাগত তরুণ জোর পূর্বক কলেজের শিক্ষক মিলনায়তনে প্রবেশ করিয়া জনৈকা ছাত্রীর নামে হলে সীট বরাদ্দের জন্য হল সুপারকে চাপ দেয়। এক পর্যায়ে তাহারা নিজেদেরকে একটি ছাত্র সংগঠনের কর্মী হিসাবে পরিচয় দিয়া হল সুপারকে অকথ্য ভাষায় গালাগাল করে ও প্রাণনাশের হুমকি দিয়া চলিয়া যায়।

কলেজ ষ্টাফ কাউন্সিলের সভায় এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করিয়া বলা হইয়াছে, দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার না করা পর্যন্ত শিক্ষক-শিক্ষিকাবৃন্দ কলেজের দায়িত্ব পালন করিবেন না।